

এখন আগুন-খাওয়া আমি

আগুন
আগুন খেয়ে
বসে আছি আমি--
পুড়ে যায় অন্ধনালী
পুড়ে যায় এই মরদেহ
শূন্য রাত্রি
পুড়ে যায় পিঙ্গলা ও ইড়া।
আঙুল শিথিল, মাথা
শ্বাস পড়ে যায়--
আমি আর কত মদ খাবো
কতো মদ খেলে আমি
সব ভুলে
একান্তে ঘুমাবো।
জ্বলে ওঠে
পৃথিবীর সমস্ত সরণি--
লাল আলো
মাতাল চোখের মতো ঘন লাল
থেমে যায় সব গাড়ি---
কখন সবুজ হবে আলো ?

অসীম কুমার দাস

